রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ২৩, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**(পৌর শাখা-৩)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ মে, ২০০১/৯ জ্যৈষ্ঠ, ১৪০৮

**এস, আর, ও নং ১২৯-আইন/২০০১**—যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন এস, আর, ও নং-২৬৫-আইন/২০০০, তারিখ ২৪শে আগস্ট, ২০০০ইং দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে ; এবং

যেহেতু সরকার উক্ত এলাকাসমূহ সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর Rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার পরামর্শ ও আপত্তি আহবান করার জন্য কিশোরগঞ্জ জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল ; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন ; এবং

যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর Rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ;


মূল্য ঃ টাকা ১.০০

যেহেতু Paurashava Ordinance, 1977 (XXVI of 1977) এর section 4(a)-তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর Rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা কিশোরগঞ্জ জেলার কদিয়াদি উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ১৭ই জ্যৈষ্ঠ, ১৪০৮ বাংলা মোতাবেক ৩১শে মে, ২০০১ ইংরেজী তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল। এই মিউনিসিপ্যালিটি কটিয়াদি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

**তফসিল**

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | জে, এল, নং | দাগ নং |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | কটিয়াদী | কটিয়াদী | ১৩৮ | ০১-৮৬০ |
| | | ভোগপাড়া | ১৩৭ | ০১-৩৩৪ |
| | | কামারকোনা | ১৩৯ | ০১-৫২৮ |
| | | চরিরাকোনা | ১৮৯ | ০১-২৫০৩ |
| | | দড়িচরিয়াকোনা | ১৮৮ | ০১-৫৪০ |
| | | নোয়াকান্দি | ১৩৬ | ০১-১৩০৭ |
| | | ঘাবৈর | ১৪৬ | ০১-৮৮৭ |
| | | বেথৈর | ১৪৫ | ০১-৮৪৭ |
| | | হালুয়াপাড়া | ১৪২ | ০১-৫১৬ |
| | | মসল্লা | ১৪১ | ০১-২৮২ |
| | | কমরভোগ | ১৪৩ | ০১-৫১১ |
| | | কাহেতের টেকী | ১৮৬ | ০১-৭৮৮ |
| | | ভরাদিয়া | ১৮৭ | ০১-৬৯৮ |
| | | বোয়ালিয়া | ১৮৫ | ০১-২০২০ |
| | | বাগরাইট | ১৪০ | ০১-৭০০ |
| | | গোয়াতলা | ৫১৮ | ০১-২৬০ |
| | আচমিতা | চারিপাড়া | ১৩৩ | ১৪২১-১৪২৬। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আলী খান**
উপ-সচিব (পৌর)।

আবদুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।